



# চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন

## CHATTOGRAM CUSTOMS AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আত্রাবাদ বা/এ, ডবলমরিং, চট্টগ্রাম-৪১০০

প্রচার পত্র নং-৬৩/২০২৫

তারিখ : ২৮/০৯/২০২৫ খ্রি.

সম্মানিত সদস্যবৃন্দের প্রতি,

কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা, জাতীয় রাজস্ব বোর্ড, এর নথি নং- ০৮.০১.০০০০.০৫৬.০৩.০০২.১৯/৩৫৪, তারিখঃ ২৩/০৯/২০২৫ খ্রি. সম্মানিত সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হলো।

মো: মিজানুর রহমান  
সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

রাজস্ব ভবন

আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা।

[কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা]

নথি নং- ০৮.০১.০০০০.০৫৬.০৩.০০২.১৯/৩৫৪

তারিখ: ২৩-০৯-২০২৫ খ্রি.।

### সভার কার্যবিবরণী

**বিষয়:** বিদ্যমান “বেসরকারি আইসিডি/সিএফএস বা অফডক (Off-Dock) স্থাপন ও পরিচালনা সংক্রান্ত নীতিমালা, ২০২১” অনুযায়ী অফ-ডকের মাধ্যমে কার্যক্রম পরিচালনায় উদ্ভূত সমস্যা নিরসনে আলোচনা সভার কার্যবিবরণী।

তারিখ ও সময় : ১৭ সেপ্টেম্বর, ২০২৫ খ্রিঃ, সকাল ১১.০০ টা।

সভাপতি : জনাব কাজী মোতাসফিজুর রহমান  
সদস্য (কাস্টমস: রপ্তানি, বন্ড ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

স্থান : জাতীয় রাজস্ব বোর্ডের সভাকক্ষ (কক্ষ নং-৪৩৬)।

বিগত ১৭/০৯/২০২৫ খ্রি. তারিখে জাতীয় রাজস্ব বোর্ড এর সদস্য (কাস্টমস: রপ্তানি, বন্ড ও আইটি) মহোদয়ের সভাপতিত্বে বিদ্যমান “বেসরকারি আইসিডি/সিএফএস বা অফডক (Off-Dock) স্থাপন ও পরিচালনা সংক্রান্ত নীতিমালা, ২০২১” অনুযায়ী অফ-ডকের মাধ্যমে কার্যক্রম পরিচালনায় উদ্ভূত সমস্যা নিরসনে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় প্রতিনিধি (কাস্টমস হাউস, চট্টগ্রাম/ কাস্টমস বন্ড কমিশনারেট, চট্টগ্রাম), প্রতিনিধি, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, জাতীয় রাজস্ব বোর্ডের প্রথম সচিব এবং দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড), এবং অংশীজন সংগঠন/প্রতিষ্ঠানের প্রতিনিধিগণ অংশগ্রহণ করেন (সভায় উপস্থিতির তালিকা পরিশিষ্ট-ক-তে সংযুক্ত)।

০২। সভার শুরুতে সভাপতি মহোদয় সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বিদ্যমান “বেসরকারি আইসিডি/সিএফএস বা অফডক (Off-Dock) স্থাপন ও পরিচালনা সংক্রান্ত নীতিমালা, ২০২১” অনুযায়ী অফ-ডকের মাধ্যমে কার্যক্রম পরিচালনায় উদ্ভূত সমস্যা নিরসনের বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ডের দৃঢ় ইচ্ছা এবং একইসাথে সংশ্লিষ্ট সকল দপ্তর ও অংশীজনদের সক্রিয় অংশগ্রহণের প্রত্যাশা ব্যক্ত করেন। অতঃপর সভায় উপস্থিত সদস্যগণ তাদের নিজ নিজ মতামত এবং বিদ্যমান “বেসরকারি আইসিডি/সিএফএস বা অফডক (Off-Dock) স্থাপন ও পরিচালনা সংক্রান্ত নীতিমালা, ২০২১” অনুযায়ী অফ-ডকের মাধ্যমে কার্যক্রম পরিচালনায় উদ্ভূত সমস্যার বিষয়ে উল্লেখ করে। তৎপ্রেক্ষিতে করণীয় সম্পর্কে মতামত উপস্থাপন করেন। সার্বিক পরিস্থিতি পর্যালোচনাস্থে সভায় নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্র: নং	সিদ্ধান্ত
১.	অফ-ডক প্রতিষ্ঠানের যে সকল কীচামাল বা পণ্য হ্যাণ্ডেল করার সক্ষমতা বা যন্ত্রপাতি বা সরঞ্জামাদি নেই সে সকল পণ্য হ্যাণ্ডেল করার অপারগতার বিষয়ে একটি তালিকা প্রস্তুতপূর্বক চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষসহ সংশ্লিষ্ট এসোসিয়েশনকে আগামী ০৭ (সাত) দিনের মধ্যে লিখিতভাবে অবহিত করতে হবে এবং আমদানিকারক বা রপ্তানিকারক এর নিকট হতে এরূপ কীচামাল/পণ্যের বুকিং নেওয়া যাবে না।
২.	অফ-ডক কর্তৃপক্ষ কীচামাল বা পণ্য হ্যাণ্ডেলিং এর জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি/ সরঞ্জামাদি আমদানিকালে মুসক অব্যাহতি সুবিধার বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ড এর মুসক নীতি শাখায় আবেদনপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
৩.	প্রতিটি অফ-ডকের পণ্য বা কীচামাল হ্যাণ্ডেলিংসহ সেবা গ্রহণে উদ্ভূত সমস্যা সমাধান করার জন্য অফ-ডক কর্তৃপক্ষকে প্রতিটি অফ-ডকের জন্য ২৪/৭ ভিত্তিতে Contact Person নিয়োজিত করতে হবে। অফ-ডক কর্তৃপক্ষকে একটি হটলাইন নাম্বার নির্ধারণপূর্বক তা জাতীয় রাজস্ব বোর্ড, কাস্টমস এজেন্ট এসোসিয়েশন, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষসহ সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষ একত্রে প্রতিষ্ঠানকে অবহিত করতে হবে।
৪.	একটি পণ্যচালানের সর্বশেষ Container বন্দর থেকে অফ-ডকে যাওয়ার পর অফ-ডকের চার্জ গণনা শুরু করতে হবে। কোন অফ-ডক প্রতিষ্ঠান সর্বশেষ কনটেইনার অফ-ডকে প্রবেশের পূর্বেই চার্জ গণনা শুরু করলে সংশ্লিষ্ট অফ-ডক প্রতিষ্ঠানের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
৫.	আমদানি পণ্যের শুল্ক করাধি পরিশোধ হয়ে থাকলে পণ্যচালান বন্দর থেকেই খালাস করা যাবে তবে এক্ষেত্রে সি এন্ড এফ এজেন্ট সংশ্লিষ্ট কমিশনারের মাধ্যমে শুল্ক-করাধি পরিশোধের বিষয়টি বন্দর কর্তৃপক্ষকে অবহিত করবে।

০৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাঃ/-

(কাজী মোতাহিরুল রহমান)

সদস্য (কাস্টমস: রপ্তানি, বন্ড ও আইটি)

জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।